

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৩১

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقَيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দিতীয় অনুচ্ছেদ - জান্নাত ও জান্নাতবাসীদের বিবরণ

الفصل التَّنِف (باب صفة الجنة وَأَهْلهَا)

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا فِي الْجَنَّةِ شَجَرَةٌ إِلَّا وساقُها من ذهب» . رَوَاهُ التِّرْمِذيّ

اسناده حسن ، رواه الترمذي (2525 وقال: غريب حسن)

বাংলা

৫৬৩১-[২০] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন, জান্নাতের সকল গাছেরই কাণ্ড হবে স্বর্ণের। (তিরমিয়ী)

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ২৫২৫, সহীহুল জামি' ৫৬৪৭, আবূ ইয়া'লা ৬১৯৫, সহীহ ইবনু হিব্বান ৭৩৮৭৪, শু'আবূল ঈমান ৭১০১, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১০৯৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: জান্নাতের সকল গাছের কাণ্ড স্বর্ণেরই হবে। অবশ্য ঐ সকল গাছের ডালসমূহ ও শাখাপ্রশাখাসমূহ বিভিন্ন প্রকারের হবে। কোনটি স্বর্ণের হবে, কোনটি রূপার হবে, আবার কোনটির শাখা ইয়াকূত পাথরে মতি প্রভৃতি হবে আর প্রতিটি শাখা বিভিন্ন ধরনের ফলে সুসজ্জিত এবং তাতে নানা ধরনের ফলফলাদি ঝুলে থাকবে। তা ছাড়াও জান্নাতের সকল গাছের নিচ দিয়ে পানির ঝরনা প্রবাহিত হবে। (তুহফাতুল আহওয়াযী হা, ২৫২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন